# তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মকর্তা/কর্মচারীদের লৈঙ্গিক সমতা বিষয়ক সূচক পর্যালোচনা ভিত্তিক ষান্মাসিক প্রতিবেদন।

(জানুয়ারি-জুন, ২০১৮)

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

## তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মকর্তা/কর্মচারীদের লৈঙ্গিক সমতা বিষয়ক সূচক পর্যালোচনা ভিত্তিক ষান্মাসিক (জানুয়ারি-জুন, ২০১৮) প্রতিবেদন।

প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে কর্মকর্তা/কর্মচারীদের জন্য একটি অনুকূল কর্মপরিবেশ সৃষ্টি করা ও প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে লৈঙ্গিক সমতা প্রতিষ্ঠিত করার লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহের লৈঙ্গিক সমতা বিষয়ক সূচক পর্যালোচনা করার নিমিত্তে বাংলাদেশ ব্যাংক হতে ডিসেম্বর ০১, ২০১১ তারিখে ডিওএস সার্কুলার নংঃ ০৫ জারী করা হয়েছে। উক্ত সার্কুলারের নির্দেশনার আলোকে দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাসিক বিবরণীতে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের লৈঙ্গিক সমতা বিষয়ক সূচকসমূহ পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থার চিত্র নিম্নরূপঃ

### ১) ব্যাংকসমূহের লৈঙ্গিক সমতা বিষয়ক সূচক:

জানুয়ারি-জুন' ২০১৮ ষান্মাসিকে দাখিলকৃত ব্যাংকসমূহের লৈঙ্গিক সমতা বিষয়ক বিবরণী পর্যালোচনা করলে দেখা যায় যে, কর্মক্ষেত্রে নারী কর্মকর্তাদের প্রারম্ভিক (১৫.৩৯%) ও মধ্যবর্তী পর্যায়ে (১৪.২৩%) হার বেশী এবং উচ্চ পর্যায়ে (৭.১১%) এ হার তুলনামূলকভাবে খুবই কম। একইভাবে পঞ্চাশোর্ধ নারী কর্মকর্তাদের (৭.২১%) চেয়ে ত্রিশের নীচে নারী কর্মকর্তাদের (২০.১৯%) হার প্রায় তিনগুণ এর কাছাকাছি। বোর্ড সদস্য হিসেবে নারীদের অংশগ্রহণও কম, মাত্র ১২.৮১%। ব্যাংক  ও আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত নারী কর্মকর্তাদের কর্মসংস্থান বদলের হার বিশ্লেষণকালে বিদেশী ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং বেসরকারী বাণিজ্যিক ব্যাংকের ক্ষেত্রে নারীদের কর্মসংস্থান বদলের হার বেশী বলে পরিলক্ষিত হয়।

টেবিল-১ ঃ ব্যাংকসমূহে বিভিন্ন পর্যায়ে নারী কর্মকর্তাদের অংশগ্রহণের হার

| ব্যাংক | বোর্ড সদস্য (%) | উচ্চ পর্যায় (%) | মধ্যবর্তী পর্যায় (%) | প্রারম্ভিক/সূচনা পর্যায় (%) | <৩০ বছর (%) | ৩০-৫০ বছর (%) | >৫০ বছর (%) | মোট কর্মরত নারী কর্মকর্তাদের মধ্যে কর্মসংস্থান বদলের হার (%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| রাষ্ট্রীয় মালিকানাধীন | ১৮.৩৭ | ৯.১২ | ১৪.৮৮ | ১৩.৬২ | ২৪.৬১ | ১৫.৯২ | ৮.১২ | ১.০০ |
| বিশেষায়িত | - | ৫.০৭ | ১১.৫৪ | ১.৫৩ | ১৩.৪২ | ১৮.৫৫ | ৩.৮৩ | ৩.৭০ |
| বেসরকারী বাণিজ্যিক | ১৩.৫৭ | ৬.৩৩ | ১৪.২০ | ১৭.৮৮ | ১৯.৩৩ | ১৫.৮৫ | ৭.৮৫ | ৩.১৮ |
| বিদেশী | ৬.৪৫ | ১০.২৩ | ১৬.৬৩ | ২৫.০৫ | ৩৩.৫০ | ১৭.৫৩ | ৯.২৮ | ৬.৭০ |
| সকল ব্যাংক | ১২.৮১ | ৭.১১ | ১৪.২৩ | ১৫.৩৯ | ২০.১৯ | ১৬.০৩ | ৭.২১ | ২.১৫ |

➢ কর্মক্ষেত্রে লৈঙ্গিক সমতা নিশ্চিতকল্পে ব্যাংকসমূহ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহের সার্বিক পর্যালোচনাঃ

- জানুয়ারি-জুন' ২০১৮ ষান্মাসিকে সকল তফসিলী ব্যাংক লৈঙ্গিক সমতা প্রতিবেদন প্রেরণ করেছে এবং নতুন প্রতিষ্ঠিত সীমান্ত ব্যাংক লিঃ ব্যতীত অন্য ৫৬ টি ব্যাংক (৬টি রাষ্ট্রীয় মালিকানাধীন, ২টি বিশেষায়িত ব্যাংক, ৩৯টি বেসরকারী বাণিজ্যিক ব্যাংক ও ৯টি বিদেশী ব্যাংক) ০৬ (ছয়) মাসের মাতৃত্বকালীন ছুটি কার্যকর করেছে।
- ২৮টি ব্যাংকের লৈঙ্গিক হয়রানি বন্ধের লক্ষ্যে সুনির্দিষ্ট নীতিমালা রয়েছে।
- ১২টি ব্যাংক লৈঙ্গিক সমতা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করেছে।
- মতিঝিলে প্রধান কার্যালয় অবস্থিত এরূপ ২৬টি ব্যাংক (৫টি রাষ্ট্রীয় মালিকানাধীন ও ২১টি বেসরকারী বাণিজ্যিক ব্যাংক) তাদের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য সমন্বিতভাবে মতিঝিলস্থ আল-আমিন সেন্টারের ৪র্থ ও ৫ম তলায় শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন ও পরিচালনার সদস্যপদ লাভ করেছে। অন্যদিকে, গুলশানে প্রধান কার্যালয় অবস্থিত এরূপ ০৮টি ব্যাংক তাদের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য সমন্বিতভাবে গুলশানসস্থ "WEE LEARN" নামক শিশু দিবাযত্ন কেন্দ্রের সদস্যপদ লাভ করেছে। এছাড়াও ব্র্যাক ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক ও বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর আলাদাভাবে ০১ টি করে নিজস্ব শিশু দিবা-যত্ন কেন্দ্র রয়েছে।
- নির্দিষ্ট কর্মঘন্টার পর নারী কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াতের সুবিধার্থে ২৬টি ব্যাংকের নিজস্ব পরিবহন সুবিধা রয়েছে।

## ২) আর্থিক প্রতিষ্ঠানসমূহের লৈঙ্গিক সমতা বিষয়ক সূচকঃ

আর্থিক প্রতিষ্ঠানসমূহের এ বিষয়ক জানুয়ারি-জুন' ২০১৮ ষান্মাসিকের বিবরণী পর্যালোচনা করলে দেখা যায় যে, ব্যাংকের ন্যায় তাদেরও কর্মক্ষেত্রে প্রারম্ভিক পর্যায়ে (১৮.০৪%) ও মধ্যবর্তী পর্যায়ে (১৪.৬৫%) নারী কর্মকর্তাদের হার কেন্দ্রীভূত, যা উচ্চ পর্যায়ে (৮.৮০%) তুলনামূলকভাবে কম। একইভাবে পঞ্চাশোর্ধ নারী কর্মকর্তাদের (৭.২৬%) চেয়ে অনুর্ধ্ব ত্রিশ বছর বয়সী নারী কর্মকর্তাদের (২৪.৪১%) হার বেশী এবং বোর্ড সদস্য হিসেবে নারীদের অংশগ্রহণও কম (১৩.৮২%)।

টেবিল-২ ঃ আর্থিক প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন পর্যায়ে নারী কর্মকর্তাদের অংশগ্রহণের হার

| বোর্ড সদস্য | উচ্চ পর্যায় (%) | মধ্যবর্তী পর্যায় (%) | প্রারম্ভিক/সূচনা পর্যায় (%) | <৩০ বছর (%) | ৩০-৫০ বছর (%) | >৫০ বছর (%) |
|---|---|---|---|---|---|---|
| ১৭.৪২% | ৮.৮০ | ১৪.৬৫ | ১৮.০৪ | ২৪.৪১ | ১৩.৮২ | ৭.২৬ |

➢ কর্মক্ষেত্রে লৈঙ্গিক সমতা নিশ্চিতকল্পে আর্থিক প্রতিষ্ঠানসমূহের গৃহীত পদক্ষেপসমূহের সার্বিক পর্যালোচনাঃ

- জানুয়ারি-জুন' ২০১৮ ষান্মাসিকে দেশে কার্যরত ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রেরিত প্রতিবেদনে দেখা যায় সবগুলো আর্থিক প্রতিষ্ঠানেই ০৬ (ছয়) মাসের মাতৃত্বকালীন ছুটি কার্যকর রয়েছে।
- ১১ টি আর্থিক প্রতিষ্ঠান এ বিষয়ক হয়রানি বন্ধের সুনির্দিষ্ট নীতিমালা রয়েছে।
- ০৪ টি আর্থিক প্রতিষ্ঠান জানুয়ারি-জুন' ২০১৮ ষান্মাসিকে লৈঙ্গিক সমতা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করেছে।
- নির্দিষ্ট কর্মঘন্টার পর নারী কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াতের সুবিধার্থে ২০টি আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব পরিবহন সুবিধা রয়েছে।
- আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য কোন শিশু দিবাযত্ন কেন্দ্র নেই ।

➢ জানুয়ারি-জুন' ২০১৮ ষান্মাসিকে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জেন্ডার সমতা বিষয়ক প্রতিবেদনসমূহের সার্বিক পর্যালোচনাঃ

ক) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে বোর্ড সদস্য হিসেবে নারী কর্মকর্তাদের অংশগ্রহণ তুলনামূলক কম।

খ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে নারী কর্মকর্তাদের হার তুলনামূলকভাবে উচ্চ পর্যায়ের চেয়ে সূচনা ও মধ্যবর্তী পর্যায়ে বেশী কেন্দ্রীভূত।

গ) বিআরপিডি সার্কুলার লেটার নং-০১, তারিখ মার্চ ৩১, ২০১৩ অনুযায়ী প্রতিটি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে মাতৃত্বকালীন ছুটির মেয়াদ ৬ মাসে উন্নীত করার বিষয়টি উল্লেখ করা হলে ৫৬টি তফসিলি ব্যাংক ও ৩৪ টি আর্থিক প্রতিষ্ঠানই তা পরিপালন করেছে।

ঘ) অধিকাংশ ব্যাংক তাদের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য শিশু দিবাযত্ন কেন্দ্রের সদস্য হলেও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপনের কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি।

-------------------------------------------------------